



মোঃ মাকরুজ্জামান
উপসচিব
বোর্ড ও জনসংযোগ বিভাগ
মোংলা বন্দর কর্তৃপক্ষ
ওয়েবসাইটঃ www.mpa.gov.bd



“সংবাদ বিজ্ঞপ্তি”

যথাযথ মর্যাদায় মোংলা বন্দরে ঐতিহাসিক ০৭ মার্চ, ২০২২ উদযাপন

ঐতিহাসিক ০৭ মার্চ, ২০২২ উপলক্ষে মোংলা বন্দর কর্তৃপক্ষ বিভিন্ন কর্মসূচীর মধ্যদিয়ে দিনটি শুরু করে। বন্দরের সকল গুরুত্বপূর্ণ স্থাপনায় আলোকসজ্জা, ৭ ই মার্চ ও মুক্তিযুদ্ধের চেতনা প্রতিফলিত করে বন্দর এলাকায় ব্যানার, ফেস্টুন এবং ড্রপডাউন ব্যানার স্থাপন করা হয় এবং বন্দর ডিসপ্লিতে দিনব্যাপী জাতির পিতার ৭ মার্চের ঐতিহাসিক ভাষণ বাজানো হয়।

বেলা ১১:০০ ঘটিকায় বন্দরের সভাকক্ষে কর্মকর্তা-কর্মচারীদের উপস্থিতিতে আলোচনা সভা এবং জাতীয় চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর হতে নির্মিত ডকুমেন্টারি ‘স্বাধীনতা কি করে আমাদের হলো’ প্রদর্শন করা হয়। সভায় প্রধান অতিথি ছিলেন মোংলা বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা বিশেষ অতিথি ছিলেন কমডোর এম আব্দুল ওয়াদুদ তরফদার, সদস্য (হারবার ও মেরিন), মোঃ ইমতিয়াজ হোসেন সদস্য (প্রকৌশল ও উন্নয়ন), এবং সভাপতিত্ব করেন পরিচালক (প্রশাসন) মোঃ শাহীনের আলম। এছাড়াও সভায় সভায় উপস্থিত ছিলেন বিভাগীয় প্রধানগণ, অফিসার এ্যাসোসিয়েশন, সিবিএ নেতৃবৃন্দসহ বন্দরের অন্যান্য কর্মকর্তা-কর্মচারী।

রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা, (চেয়ারম্যান, মোংলা বন্দর কর্তৃপক্ষ) জাতির পিতা ও মুক্তিযোদ্ধাদের শ্রদ্ধাভরে স্বরণ করে বলেন, “জাতির পিতার ঐতিহাসিক ৭ মার্চ এর ভাষণ মানে বাঙালী জাতির স্বাধীনতার ডাক, মুক্তির ডাক, ত্যাগের ডাক, শুধু এই একদিনের জন্য নয় এইটা আমাদের বার বার স্বরণ করা উচিত।”

এছাড়াও মোংলা বন্দরের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানে আলোচনা সভা, কবিতা পাঠ, রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, দোয়া মাহফিলের এবং কর্মকর্তা-কর্মচারীদের সমন্বয়ে খেলার মাঠে প্রীতি ভলিবল প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

উপসচিব